দৈনিক ইত্তেফাক

তারিখ 18 JUN 1997 পৃষ্ঠা ১ কলাম ৭

# রংপুর পলিটেকনিকে ব্যাপক বোমাবাজি ॥ ৫৪ জন ছাত্রের নামে মামলা দায়ের

রংপুর সংবাদদাতা ॥ গতকাল (মঙ্গলবার) রংপুর কারিগরি মহাবিদ্যালয়ে দিনভর চলিয়াছে ব্যাপক বোমাবাজি। শিক্ষক সমিতি এক জরুরী সভায় মিলিত হইয়া পরীক্ষা বর্জনের (শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## রংপুর

(১ম পৃঃ পর)

সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। অধ্যক্ষসহ শিক্ষকরা নিরাপত্তার অভাবে ভুগিতেছেন। এদিকে কলেজ বন্ধ ঘোষণা না করা হইলেও ছাত্ররা ছাত্রাবাস ছাড়িয়া অন্যত্র চলিয়া যাইতেছে। কলেজ ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হইয়াছে। ছাত্ররা অভিযোগ করিয়া বলেন, নকল ধরাকে কেন্দ্র করিয়া জাতীয় পত্রিকায় যে সকল রিপোর্ট প্রকাশিত হইয়াছে তাহা সত্য নহে। অধ্যক্ষের সাথে যোগাযোগ করিলে তিনি জানান, শিক্ষক সমিতি পরীক্ষা বর্জন করিয়াছে তবে বিশেষ ব্যবস্থায় ৩৮ জন রেফার্ড পরীক্ষার্থীর পরীক্ষা গ্রহণ করা হইয়াছে। ছাত্ররা না আসার কারণে ২য় পর্ব পরীক্ষা গ্রহণ করা হয় নাই। একজন শিক্ষক জানান, কলেজের যে ক্ষতি হইয়াছে, আগামী ২০ বছরে তাহা পূরণ করা সম্ভব নহে। তিনি বলেন, এখন আমাদের ছেলেদেরকে ব্যবহারিক পরীক্ষা দিতে অন্য কলেজে যাইতে হইবে। কলেজের অধ্যক্ষ ২ জন ছাত্রকে প্রধান আসামী করিয়া ৫৪ জনের নামে থানায় মামলা দায়ের করিয়াছেন। জেলা প্রশাসন ও পুলিশের কর্মকর্তারা কলেজে অবস্থান করিতেছেন।